JAN. 2 1 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

# জাতীয় শিক্ষানীতি দ্রুত বাস্তবায়নের আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ গতকাল শুক্রবার এক বিবৃতিতে, দ্রুত জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

নেতৃবৃন্দ জাতীয় সংসদে উপস্থাপিত জাতীয় শিক্ষানীতিতে বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তিগত এবং বৃত্তিমূলক শিক্ষার ওপর গুরুত্ব আরোপ, শ্রেণীকক্ষে ছাত্র-শিক্ষক অনুপাত ১ঃ৪০ প্রবর্তন, সরকারি কর্মকমিশনের অনুরূপ ব্যবস্থায় বেসরকারি শিক্ষকদের নিয়োগ পদ্ধতি চালু এবং সরকারি কোষাগার থেকে ১শ ভাগ বেতন প্রদান, পদোন্নতি ও শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ নিশ্চিতকরণের পর পাঠ্যসূচিতে পরিবর্তন আনা প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত থাকায় শিক্ষানীতিকে স্বাগত ও অভিনন্দন জানানো হয়।

বিবৃতিতে অন্যদের মধ্যে সই করেছেন ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোহাম্মদ আজিজুল ইসলাম, সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমদ, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম এবং শিক্ষক সমিতির সিনিয়র সহ-সভাপতি আজিজুল হক শাহ ও মহাসচিব মোহাম্মদ শহীদ উল্লাহ।